



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ এর কার্যালয়  
প্লানিং ও ডাটা সার্কেল  
সওজ প্রশিক্ষণ কেন্দ্র, মিরপুর, ঢাকা।  
ফোনঃ ০২-৪৪৮০৪২৪৭  
ই-মেইলঃ [sepdcrhd@gmail.com](mailto:sepdcrhd@gmail.com)

স্মারক নং- ৬৬৩,

তারিখঃ ৩১/৯/২০

বিষয়ঃ বি এম এস সফটওয়্যারে ডাটা ইনপুট প্রদান প্রসঙ্গে।

- সূত্রঃ (১) প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর এর স্মারক নং ৬২৮-প্রঃপ্রঃ, তারিখঃ ১৫/১০/২০১৮ খ্রিঃ।  
(২) প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর এর স্মারক নং ১১৯৭-প্রঃপ্রঃ, তারিখঃ ১২/১২/২০১৮ খ্রিঃ।  
(৩) অঃপ্রঃ প্রকৌশলী, ব্রিজ ম্যানেজমেন্ট উইং এর স্মারক নং ৪৮ ব্রিজ, তারিখঃ ১৪/০৩/২০১৯ খ্রিঃ।  
(৩) অত্র কার্যালয়ের স্মারক নং-৯০-; তারিখঃ ১/০৪/২০১৯ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের অনুবৃত্তিক্রমে জানানো যাচ্ছে যে, BMS সফটওয়্যারে ব্রিজ/কালভার্টের বেসিক ডাটা এন্ট্রি প্রদানের জন্য সূত্রোক্ত (১) নং স্মারক মূলে প্রধান প্রকৌশলী কর্তৃক সকল সড়ক বিভাগকে নির্দেশনা প্রদান করা হয়।

এ লক্ষ্যে BMCDP প্রকল্পের আওতায় মাঠ পর্যায়ে সকল সড়ক বিভাগের নির্বাহী প্রকৌশলীগণকে ব্রিজ ইন্সপেকশন ও ডাটা এন্ট্রি বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়। পাশাপাশি মাঠ পর্যায়ে সংগৃহীত ডাটার নির্ভুলতা যাচাই এবং নির্দিষ্ট সময়ের মধ্যে Basic Data এন্ট্রি কার্যক্রম সমাপ্তকরণে সহায়তা প্রদানের জন্য ২ (দুই) জন পরামর্শক দেশব্যাপি সকল সড়ক সার্কেলে গমন করে ৬৫টি সড়ক বিভাগের উপ-সহকারী প্রকৌশলী হতে নির্বাহী প্রকৌশলী পর্যায়ের সকল কর্মকর্তাগণকে Bridge Inspection এবং Basic Data এন্ট্রি বিষয়ে হাতেকলমে প্রশিক্ষণ প্রদান করেন।

BMS সফটওয়্যারে Basic Data এন্ট্রি ও Inspection কার্যক্রম বেগবান করার বিষয়ে সূত্রোক্ত (২) নং স্মারকের মাধ্যমে প্রধান প্রকৌশলী কর্তৃক নির্দেশনা প্রদান করা হয়। অতঃপর সূত্রোক্ত (৩) নং স্মারকে অতিঃ প্রধান প্রকৌশলী, ব্রিজ ম্যানেজমেন্ট উইং কর্তৃক এ বিষয়ে তাগিদ প্রদান করা হয় এবং পরবর্তীতে (৪) নং স্মারক মূলে তত্ত্বাবধায়ক প্রকৌশলী, প্লানিং ও ডাটা সার্কেল কর্তৃক পুনরায় তাগিদ প্রদান করা হয়। কিন্তু, অদ্যাবধি তাহার সার্কেলের নিয়ন্ত্রণাধীন সড়ক বিভাগসমূহের BMS সফটওয়্যারে Basic Data এন্ট্রি সন্তোষজনক নয়।

এমতাবস্থায় বিষয়টির গুরুত্ব অনুধাবনপূর্বক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পুনরায় অনুরোধ করা হলো।

তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ  
ঢাকা/নারায়ণগঞ্জ/ময়মনসিংহ/জামালপুর/চট্টগ্রাম/রাঙ্গামাটি/  
কুমিল্লা/নোয়াখালী/সিলেট/মৌলভীবাজার/রংপুর/দিনাজপুর/  
বগুড়া/রাজশাহী/পাবনা/খুলনা/যশোর/কুষ্টিয়া/গোপালগঞ্জ/  
ফরিদপুর/বরিশাল/পটুয়াখালী সড়ক সার্কেল।

(মোঃ হাফিজুর রহমান)  
পরিচিতি নং-০০৫০৫৯

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চঃদাঃ), সওজ  
প্লানিং ও ডাটা সার্কেল  
সওজ প্রশিক্ষণ কেন্দ্র, মিরপুর, ঢাকা।

অনুলিপিঃ

- ১। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও ঢাকা।
- ২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, ব্রিজ ম্যানেজমেন্ট উইং, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
- ৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, এমআইএস সেল, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা। (সওজ ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৪। নির্বাহী প্রকৌশলী, সওজ, বিএমএমএস বিভাগ, সওজ প্রশিক্ষণ কেন্দ্র, মিরপুর, ঢাকা।